এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে প্রশ্ন করলেন, তখন তিনি মিম্বারে ছিলেন- আপনি রাতের সালাত কীভাবে আদায় করতে বলেন? তিনি বলেনঃ “দু’রাক‘আত দু’রাক‘আত করে আদায় করবে

আব্দুল্লাহ ইবনু ‘উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত: এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে প্রশ্ন করলেন, তখন তিনি মিম্বারে ছিলেন- আপনি রাতের সালাত কীভাবে আদায় করতে বলেন? তিনি বলেনঃ “দু’রাক‘আত দু’রাক‘আত করে আদায় করবে।
যখন তোমাদের কারো ভোর হয়ে যাওয়ার আশঙ্কা হয় তখন সে আরো এক রাক‘আত আদায় করে নিবে”।
আর এটি তার পূর্ববর্তী সালাতকে বিতর করে দেবে। [নাফি‘ বলেন] ইবনু ‘উমার বলতেনঃ
“তোমরা বিতরকে রাতের শেষ সালাত হিসেবে আদায় কর”। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ নির্দেশ দিয়েছেন। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

একজন ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মিম্বারে ভাষণ দিচ্ছিলেন, তখন তাঁকে জিজ্ঞাসা করলেন: হে আল্লাহর রাসূল, আমাকে শিখিয়ে দিন আমি কীভাবে রাতের সালাত (তাহাজ্জুদ) পড়ব? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: তুমি দুই রাকাত করে সালাত পড়বে এবং প্রত্যেক দুই রাকাতের পর সালাম ফেরাবে। আর যদি ফজর উদিত হওয়ার আশঙ্কা হয়, তাহলে এক রাকাত বিতর আদায় করবে, যা তোমার পূর্ববর্তী সালাতগুলোকে বেজোড় করে দেবে।

http://sunnah.global/hadeeth/bn/show/11259